

২৬ শে ডিসেম্বর: ইউএসএসআর রিপাবলিক অব সোভিয়েত ইউনিয়নের বিলোপকে স্বীকৃতি দেয় এবং শীতল যুদ্ধের অবসান ঘটিয়ে নিজেকে বিলীন করার সিদ্ধান্ত নেন।

বিশ্বের গুরুত্বপূর্ণ যুদ্ধসমূহ (১৯৫০-২০০৩)

দ্বিতীয় বিশ্বযুদ্ধ পরবর্তি বিশ্বে সংঘটিত বিভিন্ন যুদ্ধ:

কোরিয়া যুদ্ধ (১৯৫০-১৯৫৩), বিজয়ী-দক্ষিণ কোরিয়াঃ

- ১৯৪৮ সালে ৩৮ ডিগ্রি অক্ষরেখায় দুই কোরিয়া বিভক্ত হয়। ১৯৫০ সালে এ যুদ্ধ সংঘটিত হয় দক্ষিণ কোরিয়া(জাতিসংঘের সহায়তায়) ও উত্তর কোরিয়া(চীনের সহায়তা ছিল) এর মাঝে। মার্কিন জেনারেল ম্যাক আর্থার জাতিসংঘ বাহিনীর প্রধান নিযুক্ত হন। যুদ্ধের অবসান হয় ১৯৫৩ সালে জাতিসংঘের মধ্যস্থতায়।

ভিয়েতনাম যুদ্ধ(১৯৫৬-১৯৭৫), বিজয়ী-উত্তর ভিয়েতনামঃ

- ১৯৫৪ সালে ১৭ ডিগ্রি অক্ষরেখা বরাবর ভিয়েতনাম দুই ভাগে বিভক্ত হয়ে পড়ে। ১৯৫৬ সালে মার্কিন সহায়তায় দক্ষিণ ভিয়েতনাম উত্তর ভিয়েতনামের সাথে এ যুদ্ধে জড়িয়ে পড়ে।
- ২০ বছর স্থায়ী এ যুদ্ধে ৫৮,০০০ মার্কিন সেনা নিহত হয়। এ যুদ্ধে মার্কিন উদ্দেশ্য ছিল চীন-রাশিয়ার সমাজতান্ত্রিক প্রভাবের হাত থেকে এর আশে পাশের দেশগুলোকে মুক্ত রাখা যা ডমিনো তত্ত্ব নামে পরিচিত। কোরিয়া যুদ্ধও এ তত্ত্বের প্রেক্ষিতে হয়।
- ১৯৭৩ সালে প্যারিস শান্তি চুক্তির মাধ্যমে এ যুদ্ধের অবসান ঘটানোর চেষ্টা করা হলেও ৩০ এপ্রিল দক্ষিণ ভিয়েতনামের পতনের মাধ্যমে এ যুদ্ধের আনুষ্ঠানিক অবসান হয়। পরবর্তিতে দুই অংশ মিলিত হয়ে বর্তমান একক ভিয়েতনাম প্রতিষ্ঠিত হয়।

পাক-ভারত যুদ্ধ(১৯৪৭, ১৯৬৫, ১৯৭১, ১৯৯৯):

- ১৯৬৫ সালের কাশ্মীরকেন্দ্রিক পাক-ভারত যুদ্ধের অবসান হয় তাসখন্দ চুক্তির মাধ্যমে।
- দুই দেশের মধ্যে সিমলা চুক্তি স্বাক্ষরিত হয় ১৯৭২ সালে। সিমলা চুক্তির মাধ্যমে পাকিস্তানী ৯৩ হাজার বন্দী সেনাদের ভারত ছেড়ে দিল , এই শর্তে যে তাদের বিচার পাকিস্তান নিজেই করবে যারা পূর্ব পাকিস্তান তথা বর্তমান বাংলাদেশে যুদ্ধকালীন অপরাধে জড়িত ছিল। সিমলা চুক্তি সম্পর্কিত বিভিন্ন বিষয়ের মধ্যে এটা অন্যতম।

আরব-ইসরাইল যুদ্ধ: বিজয়ী ইসরাইল

- আরব-ইসরাইল যুদ্ধ সংঘটিত হয় ৪ বার। ১৯৪৮-৪৯, ১৯৫৬, ১৯৬৭, ১৯৭৩
- প্রথম আরব-ইসরাইল যুদ্ধ পরবর্তিকালে ইসরাইল রাষ্ট্র পূর্ণাঙ্গ প্রতিষ্ঠা পায়
- তৃতীয় আরব-ইসরাইল যুদ্ধ এর ব্যাপ্তিকাল ৬ দিন। এ যুদ্ধে ইসরাইল দখল করে গাজা, সিনাই উপদ্বীপ(মিশর থেকে), গোলান মালভূমি(সিরিয়া থেকে) ও জর্ডানের পশ্চিম তীর
- ইসরাইল সিরিয়ার অভ্যন্তরে গোলান মালভূমি দখল করে ১৯৭৩ সালে।
- ১৯৭৩ সালে মধ্য প্রাচ্য তেল অঙ্গ প্রয়োগ করে।

ইরাক-ইরান যুদ্ধ:

- ইরাক-ইরান যুদ্ধ সংঘটিত হয় শাত-ইল-আরব জলধারাকে কেন্দ্র করে
- ১৯৮০ থেকে শুরু হওয়া এ যুদ্ধের অবসান ঘটে ১৯৮৮ সালে যুদ্ধবিরতির মাধ্যমে
- শাত-ইল-আরব বর্তমানে ইরানের নিয়ন্ত্রনে রয়েছে

ফকল্যান্ড যুদ্ধ(১৯৮২), বিজয়ী-ব্রিটেনঃ

- সময়কাল: এপ্রিল-জুন, ১৯৮২
- ফকল্যান্ড দ্বীপকে কেন্দ্র করে আর্জেন্টিনা ও ব্রিটেন এর মধ্যে এ যুদ্ধ সংঘটিত হয়।

ইরাক-কুয়েত যুদ্ধ:

ইরাক কুয়েত দখল করে ২ আগস্ট ১৯৯০।

উপসাগরীয় যুদ্ধঃ

১৯৯১ সালে ইরাক ও যুক্তরাষ্ট্রের মধ্যে হয়, জয়লাভ করে যুক্তরাষ্ট্র।

মার্কিন-আফগান যুদ্ধঃ

২০০১ সাল থেকে আফগানিস্তানে রয়েছে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী। আফগানিস্তানে যুদ্ধ শেষ করে একটি শান্তি চুক্তিতে পৌঁছাতে কয়েক মাস ধরে যুক্তরাষ্ট্র এবং তালেবানদের মধ্যে সমঝোতা আলোচনা চলছে। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রায়ই বলেন যে, আমেরিকার দীর্ঘদিন ধরে চলা যুদ্ধ শেষ করে সেনাদের ঘরে ফিরিয়ে আনতে আগ্রহী তিনি।

কতিপয় বিরোধপূর্ণ অঞ্চল ও সীমানাঃ

অঞ্চল/সীমানা	বিরোধী পক্ষ	সম্পৃক্ত তথ্য
পানমুনজাম	উত্তর কোরিয়া- দক্ষিণ কোরিয়া	দুই কোরিয়া এটি দাবি করে আসছে। বর্তমানে নিরপেক্ষ অঞ্চল হিসেবে জাতিসংঘের তত্ত্বাবধানে আছে।
সিয়াচেন হিমবাহ	ভারত-পাকিস্তান	কাশ্মিরে অবস্থিত পাক-ভারতের রণাঙ্গন
সিনাই উপদ্বীপ	ইসরাইল-মিশর	১৯৫৬ সালে ইসরাইল দখল করে
কালাপানি	ভারত-নেপাল	১৯৬২ সালে ভারত-চীন যুদ্ধের পর থেকে এটি নেপাল ও ভারতের অমীমাংসিত সীমানা
লাদাখ	ভারত-চীন	১৯৬২ সালে চীন ভারতকে আক্রমণ করলে এখানে প্রচণ্ড যুদ্ধ হয়
ইন্ফল	ভারত-মিয়ানমার	ভারতের মনিপুর রাজ্যের রাজধানী
মংডু	বাংলাদেশ- মিয়ানমার	মিয়ানমারের রাখাইন প্রদেশের বাংলাদেশ ঘেঁষা শহর মংডু

জেরুজালেম	ফিলিস্তিন-ইসরাইল	ইসলাম-ইহুদি-খ্রিস্টান এ তিন ধর্মের পবিত্রভূমি হিসেবে মধ্যপ্রাচ্যের সর্বোচ্চ বিরোধপূর্ণ স্থান হিসেবে পরিগণিত হয়ে আসছে। বর্তমানে ইসরাইলের অধীনে আছে।
গোলান মালভূমি	সিরিয়া-ইসরাইল	১৯৬৭ সালে ইসরাইল এটি দখল করে নেয়
শাত-ইল-আরব	ইরাক-ইরান	টাইগ্রিস-ইউফ্রেটিস নদীর অববাহিকার নিয়ন্ত্রণ নিয়ে ইরাক ও ইরানের বিবাদপূর্ণ স্থান।
নিউ মুড়	বাংলাদেশ-ভারত	হাড়িয়াভাঙা নদীর মোহনায় এ দ্বীপটি অমীমাংসিত ছিল। বর্তমানে এটি সাগরে তলিয়ে যায়। বর্তমানে ভারত বাংলাদেশের মধ্যে অর্চিহিত ২ কিলোমিটার সীমানা আছে যা বিলোনিয়া সেক্টরে মুহুরীর চরে অবস্থিত।
নাগার্নো কারাবাখ	আর্মেনিয়া-আজারবাইজান	আজারবাইজানে আর্মেনিয়ার খ্রিস্টান অধ্যুষিত ছিটমহল।(ল্যান্ডলকড)
শেনকাকু	চীন-জাপান	সেনকাকু দ্বীপ নামে জাপানের কাছে পরিচিত, চীনের কাছে দিয়াওউ এবং তাইওয়ানের কাছে তিয়াওউতাই নামে পরিচিত।
কুরিল দ্বীপপুঞ্জ	জাপান-রাশিয়া	কুরিল দ্বীপপুঞ্জ ওখোতস্ক সাগর এবং উত্তর প্রশান্ত মহাসাগরের মধ্যে অবস্থিত ৫৬টি দ্বীপের সমষ্টি।
গুয়ান্তানামো বে	যুক্তরাষ্ট্র-কিউবা	কিউবার গুয়ান্তানামো প্রদেশে এর অবস্থান